

শাবিতে দ্বিতীয় দিনেও প্রশাসনিক ভবনে তালা

শিক্ষকদের রৌলানো তালা ভাঙল ছাত্রলীগ

শাবি প্রতিনিধি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক আমিনুল হক ভূঁইয়ার পদত্যাগ ইস্যুতে শিক্ষকদের দু'পক্ষের কর্মসূচি অব্যাহত রয়েছে। ছুটি শেষে ডিসি যোগদান করায় পদত্যাগ দাবিতে প্রশাসনিক ভবন-২এ তালা ঝুলিয়ে ডিসির কার্যালয়ে (প্রশাসনিক ভবন-১) সামনে মঙ্গলবার দিনব্যাপী অবস্থান কর্মসূচি পালন করে সরকার সমর্থিত মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ শিক্ষক পরিষদের শিক্ষকরা। অন্যদিকে গ্রহাণুর ভবনের সামনে ডিসির পক্ষে অবস্থান নেয় সরকার সমর্থিত মহান মুক্তিযুদ্ধের চেতনা ও ও নুক্তিচিন্তা চর্চায় ঐক্যবদ্ধ শিক্ষকরা। প্রটোরিয়াল বাড়িতে রদবদলের পর মঙ্গলবার ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক এবং প্রডেস্ট্রবডিতে রদবদল করেছেন ডিসি। এদিকে প্রশাসনিক ভবন-২ এর তালা ভেঙে গেট খুলে দেয় বিক্ষুব্ধ শিক্ষার্থী ও ছাত্রলীগ কর্মীরা। 'দুনীতি, স্বজনপ্রীতি, হেজাচারী, অসৌজন্যমূলক আচরণকারী, মিথ্যুক এবং অযোগ্য ডিসির অপসারণ দাবি' এ ব্যানারে সকাল সাড়ে ৭টায় প্রশাসনিক ভবন-২ এ তালা ঝুলিয়ে ডিসির কার্যালয় (প্রশাসনিক ভবন-১) এর সামনে অবস্থান কর্মসূচি পালন করে মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ শিক্ষক পরিষদের শিক্ষকরা। দুপুর আড়াইটায় কিছু বিক্ষুব্ধ শিক্ষার্থী প্রশাসনিক ভবন-২ এর তালা ভেঙে ভেতরে প্রবেশ করে। যাদের অধিকাংশ ছাত্রলীগের কর্মী। ডিসি সোমবার প্রটোরিয়াল বাড়ির রদবদলের পর মঙ্গলবার ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক পদে অধ্যাপক রাশেদ আলুকার এবং দ্বিতীয় ছাত্র হলের প্রডেস্ট্র পদে সহযোগী অধ্যাপক হাসান জাকিরুল ইসলামকে অনুমোদন দিয়ে বিকাল সাড়ে ৩টায় ডিসির বাহুলোতে সিডিকোট সভার আহ্বান করে। খবর পেয়ে আন্দোলনকারী শিক্ষকরা প্রশাসনিক ভবন ছেড়ে ডিসির বাহুলো ঘেরাও করেন। আন্দোলনকারী শিক্ষক সহযোগী অধ্যাপক মো. ফারুক উদ্দিন বলেন, ডিসিকে বিনায় জানাতেই আমরা বাসভবনে এসেছি। এ সময় আন্দোলনকারীরা ডিসিকে 'শাবির কলংক' বলে স্লোগান তুলে। পরে ডিসির কার্যালয়ের সামনে এসে আবার অবস্থান নেয়। নিউজ লেখার সময় বিকাল ৫টা পর্যন্ত ডিসির বাহুলোর বাসনে অবস্থান নিয়ে বিক্ষোভ করছে শিক্ষকরা। অন্যদিকে শিক্ষকদের এ কর্মসূচির মাধ্যমে ২টি প্রশাসনিক ভবনে তালা দেয়াল কোড প্রকাশ করে মহান মুক্তিযুদ্ধের চেতনা ও নুক্তিচিন্তা চর্চায় ঐক্যবদ্ধ শিক্ষকরা। তারা ডিসিকে সম্মুখীন জানিয়ে সকাল থেকেই ক্যাম্পাসের গ্রহাণুর ভবনের সামনে অবস্থান কর্মসূচি পালন করেন। ডিসি অধ্যাপক আমিনুল হক ভূঁইয়া বলেন, আন্দোলনকারীদের বাধার কারণে সিডিকোট করতে পারছি না। তবে সুযোগ পেলে সভা অনুষ্ঠিত হবে।